গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm .gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১-১৭৫ তারিখঃ০১ /০৬/২০২২ খ্রিঃ

## অফিস আদেশ

যেহেতু, জনাব হোসনেয়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল কর্তৃক ভেরিফাইড ফেসবুকে পেইজে (Akter Hossain) গত ০১/০২/২০২১ খ্রিঃ তারিখে একটি পোষ্ট করেন এবং মুক্তিযোদ্ধার কন্যা পরিচয় দিয়ে অভিযোগ করেন, তার কর্মস্থলে একজন কর্মকর্তা যোগদান করেছেন, যিনি বিএনপি রাজাকার (অভিযুক্ত কর্মকর্তার নাম প্রকাশ করেননি);

২। যেহেতু, হোসনেয়ারা আখতার এর বিরুদ্ধে গত ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, গত ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখ কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন এবং ভুল স্বীকার করেন;

৩। যেহেতু, গত ২০/১২/২০২১ খ্রিঃ তারিখে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৪৫/২০২১ রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় তার ০৫/০১/২০২২ খ্রিঃ তারিখের দাখিলকৃত জবাব এর প্রেক্ষিতে ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৪। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার ১ম কারণ দর্শানোর, তার ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং নথি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমাণিত হয়েছে;

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী জনাব হোসনেয়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশালকে তিরস্কার দন্ড প্রদান করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৩৫.২১- ১৭৫(১৫) তারিখঃ ০১/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। অধ্যক্ষ, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল।

৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৫। জনাব হোসনেয়ারা আখতার, পিতাঃ আলতাফ হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, বরিশাল নার্সিং কলেজ, বরিশাল।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১/৬/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর

(উপসচিব)

পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)

ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৯.২১ তারিখ- /০৬/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

সাবিনা ইয়াসমিন, পিতাঃ ফয়জুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি-১০৮১২২০১৬৪৪৪৯১, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ এর বিরুদ্ধে ১৬/১২/২০১৬ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার কারণে সহকারি পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ ২০/০৪/২০১৭ খ্রিঃ তারিখের মমেকহা/প্রশাঃ/২০১৭/১৬৮২১ নং স্মারকে এ অধিদপ্তরে অভিযোগ প্রেরণ করেন।

২। যেহেতু, অভিযুক্তকে ১৭/০৫/২০১৫খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১স-০৯/২০১৬/২৬৪৮ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয় কিন্তু তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব প্রদান করেননি।

৩। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১৬/০৭/২০১৮ খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১ক-২১৯/৮৯/ ২৬১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং বিভাগীয় মামলার প্রথম কারণ দর্শানোর জবাব তিনি প্রদান করেননি।

৪। যেহেতু, ১৬/০৫/২০১৯ খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১স-০৯/২০১৬/২১৫ নং স্মারকে তার কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে রুজুকৃত ৯৯/২০১৮ নং বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে কর্মস্থলে অনুপস্থিত থাকার দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের অপরাধ প্রমাণিত হয়।

৫। যেহেতু, ০১/০২/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৯.২১.৯১ নং স্মারকে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত নোটিশের জবাবও প্রদান করেননি। উল্লেখ, তিনি পারিবারিক, শারীরিক ও মানসিকভাবে দুর্বলতার কারণ দেখিয়ে ১৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখ চাকরি হতে অব্যাহতি চেয়ে একটি আবেদন এ অধিদপ্তরে প্রেরণ করেন।

৬। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক ডিজারশনের অপরাধ প্রমাণিত হয়, সেহেতু একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী ৬০ (ষাট) দিনের অধিক অননুমোদিত অনুপস্থিতির দায়ে রুজুকৃত ৯৯/২০১৮ নং বিভাগীয় মামলায় গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে (সরকারি চাকরি থেকে বরখাস্ত) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামতের জন্য ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৯.২১.৪৪২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

৭। যেহেতু, বাংলাদশ সরকারি কর্ম কমিশন ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.১৭৩.১২.০১৬.২০-২৪ নং স্মারকে গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে (সরকারি চাকরি থেকে বরখাস্ত) এ অধিদপ্তরের সাথে একমত পোষণ করেছে।

৮। সেহেতু, অভিযুক্ত সাবিনা ইয়াসমিন, পিতাঃ ফয়জুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি-১০৮১২২০১৬৪৪৪৯১, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গুরুদন্ড হিসেবে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ ১৬/১২/২০১৬ খ্রিঃ হতে বরখাস্ত (Dismissal) করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৯.২১ . ৩৭৭ (২৫/২২)

তারিখ- ১/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপসচিব (নার্সিং সেবা-১/২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
৮। সেবা তত্ত্বাবধায়ক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
৯। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি অয়েবসাইট প্রকাশের জন্য)
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১। সাবিনা ইয়াসমিন, পিতাঃ ফয়জুর রহমান, সিনিয়র স্টাফ নার্স, ইউনিক আইডি-১০৮১২২০১৬৪৪৪৯১, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ। (স্থায়ী ঠিকানাঃ গীর্দাপাড়া, পোঃবাদ্রাকান্দা, উপজেলাঃ তারাকান্দা, জেলাঃ ময়মনসিংহ)
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১/৬/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১৬.২২- তারিখঃ /০৬/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

পরিচালক, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর এর ১০/০১/২০২২ খ্রিঃ তারিখের ৯৩ নং স্মারকে পত্রের মাধ্যমে জানা যায়, আপনি জনাব সুমা রানী বর্দ্ধন, পিতাঃ পরিতোষ চন্দ্র বর্দ্ধন, সিনিয়র স্টাফ নার্স, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর গত ১১/০৮/২০২০ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে স্থানীয় কর্তৃপক্ষ আপনাকে স্থায়ী এবং বর্তমান ঠিকানায় পত্র পেরণ করেন। আপনি কোনো জবাব দাখিল করেননি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ" এবং ২(চ) বিধি অনুযায়ী "পলায়ন"এর আওতাভুক্ত অপরাধ।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

জনাব সুমা রানী বর্দ্ধন
পিতাঃ পরিতোষ চন্দ্র বর্দ্ধন
সিনিয়র স্টাফ নার্স
শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।

স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ খলাপাড়া, পোঃ দক্ষিনবাগ,
থানাঃ কালিগঞ্জ, জেলাঃ গাজীপুর।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১৬.২২- ১৭৯/১(৫) তারিখঃ ০২/০৬/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ
১। পরিচালক, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।
৪। সহকারী পরিচালক, পিএমাইএস শাখা, এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২/৬/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর